

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ 88১

১/ বিবিধ

আরবী

الخلق الحسن يذيب الخطايا كما يذيب الماء الجليد، والخلق السوء يفسد العمل كما
يفسد الخل العسل
ضعيف جدا

وله طريقان

الأول عن ابن عباس، رواه الطبراني في "الكبير" (3 / 98 / 1) وأبو محمد القاري في
"حديثه" (2 / 203 / 1) عن عيسى بن ميمون قال: سمعت محمد بن كعب القرظي
يحدث عن ابن عباس مرفوعا

قلت: وهذا إسناد ضعيف جدا، عيسى هذا، هو المدني، ويعرف بالواسطي، وهو الذي
في سند الحديث المتقدم، روى ابن أبي حاتم (3 / 1 / 287) عن أبيه أنه قال: هو
متروك الحديث

والحديث في "المجمع" (8 / 24) وقال

رواه الطبراني في "الكبير" و"الأوسط" وفيه عيسى بن ميمون المدني، وهو ضعيف
الآخر: عن أنس، أخرجه تمام في "الفوائد" (53 / 1) عن مخيمر بن سعيد المنبجي،
حدثنا روح بن عبد الواحد، حدثنا خلود بن دعلج، عن الحسن، عن أنس مرفوعا
قلت: وهذا سند ضعيف جدا أيضا، خلود بن دعلج، قال النسائي: ليس بثقة، وعده

الدارقطني في جماعة من المتروكين
وروح بن عبد الواحد، قال أبو حاتم

ليس بالمتين، روى أحاديث متناقضة، وقال ابن عدي في ترجمة خلود (2 / 120)
عقب حديث أورده من رواية روح عن خلود: لعل البلاء فيه من الراوي عنه

বাংলা

৪৪১। সচ্চরিত্র গুনাহগুলোকে গলিয়ে ফেলে যেমননিভাবে পানি বরফকে গলিয়ে ফেলে এবং খারাপ চরিত্র আমলকে নষ্ট করে দেয় যেমনভাবে সেরকা মধুকে নষ্ট করে দেয়।

হাদীসটি নিতান্তই দুর্বল।

এটির দুটি সূত্র রয়েছেঃ

১। ইবনু আব্বাস (রাঃ) হতে হাদীসটি তাবারানী “মুজামুল কাবীর” গ্রন্থে (৩/৯৮/১) এবং “মুজামুল আওসাত” গ্রন্থে (১/৪৮/১/৮৩৮) এবং আবু মুহাম্মাদ কারী তার “আল-হাদীস” গ্রন্থে (২/২০৩/১) ঈসা ইবনু মায়মুন হতে ... বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এটির সনদটি নিতান্তই দুর্বল। এ ঈসা হচ্ছেন মাদানী, ওয়াসেতী নামে প্রসিদ্ধ। তার সম্পর্কে ইবনু আবী হাতিম (৩/১/২৮৭) তার পিতার উদ্ধৃতিতে বলেছেনঃ তিনি মাতরুকুল হাদীস যার হাদীস অগ্রহণযোগ্য। হায়সামী "আল-মাজমা" গ্রন্থে (৮/২৪) তাকে দুর্বল আখ্যা দিয়েছেন।

২। আনাস (রাঃ) হতে; এ হাদীসটি তাম্মাম “আল-ফাওয়াইদ” গ্রন্থে (১/৫৩) বর্ণনা করেছেন। এটির সনদে রাওহ ইবনু আবদিল ওয়াহেদ ও তার শাইখ খালীদ ইবনু দালাজ রয়েছে।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি নিতান্তই দুর্বল। খালীদ ইবনু দালাজ সম্পর্কে নাসাঈ বলেনঃ তিনি নির্ভরযোগ্য নন।

দারাকুতনী তাকে মাতরুকদের [অগ্রহণযোগ্যদের] অন্তর্ভুক্ত করেছেন। রাওহ ইবনু আবদিল ওয়াহেদ সম্পর্কে আবু হাতিম বলেনঃ তিনি শক্তিশালী নন। তিনি বিতর্কিত হাদীস বর্ণনা করেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=68026>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন